জুলাই ২৪, ২০০৭

**ভারতীয় রিজার্ভ ব্যাংক 'অর্থ ঋণ দেওয়ার বিষয়ে আইন পর্যালোচনার জন্য গঠিত টেকনিকাল গ্রুপ-এর প্রতিবেদন' সম্বন্ধে মতামত আহ্বান করছেন**

ভারতীয় রিজার্ভ ব্যাংক তাদের 'বার্ষিক নীতি প্রতিবেদন (অ্যানুয়াল পলিসি স্টেটমেন্ট) বর্ষ ২০০৬-০৭'-এর অনুচ্ছেদ ১৫৩-য় ঘোষণা করেছিলেন যে তাঁরা একটি টেকনিকাল গ্রুপ গঠন করবেন যারা অর্থ ঋণ দেওয়ার বিষয়ে আইনসমূহ পর্যালোচনা করে দেখবে এই বিষয়গুলিতে (ক) অর্থ ঋণদান নিয়ন্ত্রণকারী বর্তমান আইনসমূহের কার্যকারীতা, (খ) বিভিন্ন রাজ্যে আইন কার্যকরী করার ব্যবস্থাসমূহ এবং (গ) গ্রামীণ পরিবারগুলির স্বার্থরক্ষায় আইনী ও আইন কার্যকরী করার উপায়সমূহের উন্নতির সম্বন্ধে রাজ্য সরকারগুলিকে সুপরামর্শ দেওয়া।

সেইমতো, একটি টেকনিকাল গ্রুপ গঠিত হয়েছিল তৎকালীন ভারতীয় রিজার্ভ ব্যাংকের ভারপ্রাপ্ত আইনী পরামর্শদাতা (লিগাল অ্যাডভাইজার ইন-চার্জ) শ্রী এস সি গুপ্তা-কে চেয়ারম্যান করে। এছাড়াও এই গ্রুপে ছিলেন মনোনীত তিনটি রাজ্য সরকারের সচিব এবং ভারতীয় রিজার্ভ ব্যাংকের বরিষ্ঠ আধিকারিকরা। এর সঙ্গে এই গ্রুপে আরও এগারোটি রাজ্য থেকে আমন্ত্রিতরা ছিলেন।

এই টেকনিকাল গ্রুপ বিস্তৃত আলোচনার মাধ্যমে দেশের বিভিন্ন স্থানে অর্থ ঋণ দেওয়ার প্রচলিত প্রথা সম্বন্ধে সমীক্ষা করেছেন; বাস্তব অবস্থা সমীক্ষার মাধ্যমে খতিয়ে দেখেছেন; অর্থ ঋণদানকারীদের সঙ্গে আর্থিক প্রতিষ্ঠানের যোগসূত্র প্রতিষ্ঠানিক সম্ভাবনা খতিয়ে দেখেছেন; এবং অর্থ ঋণদান নিয়ন্ত্রণ বিষয়ে আন্তর্জাতিক প্রথাসমূহ পর্যালোচনা করে দেখেছেন।

টেকনিকাল গ্রুপ একটি আদর্শ (মডেল) আইন সুপারিশ করেছে সেইসব রাজ্যের খতিয়ে দেখা ও গ্রহণ করার জন্য যেখানে অর্থ ঋণ দেওয়া বিষয়ে বিস্তারিত আইন নেই। এই আদর্শ আইনটি এই বিষয়ে দেশে ও বিদেশে প্রচলিত সমধর্মী আইন অনুযায়ী করা হয়েছে। টেকনিকাল গ্রুপ অর্থ ঋণ দেওয়া বিষয়ে প্রচলিত আইনের বদলও সুপারিশ করেছেন যাতে বিবাদ সহজে, দ্রুত ও অপ্রথাগতভাবে নিষ্পত্তি করা যায়; এবং আরও ভালোভাবে আইন কার্যকরী করা যায়। টেকনিকাল গ্রুপ যে আদর্শ আইনটি সুপারিশ করেছে সেটি নিম্নলিখিত বিষয়গুলির উপর জোর দেয়:

- অর্থ ঋণদানকারীদের সরল ও অসুবিধামুক্ত নথিভুক্তিকরণ ও নথিভুক্তির পার্যায়িক নবীকরণ;
- আরও ভালোভাবে কার্যকরী করার জন্য একটি সরল বিবাদ নিষ্পত্তি ব্যবস্থা;
- দামদুপট ব্যবস্থা প্রণয়ণ যাতে অর্থ ঋণদানকারীর দ্বারা নেওয়া সর্বোচ্চ সুদ সীমাবদ্ধ করা যায়; এবং
- নির্দিষ্ট সময় অন্তর বাজার চলতি হার অনুযায়ী সুদের সর্বোচ্চ হার নির্দিষ্ট করে দেওয়া।

এই টেকনিকাল গ্রুপ প্রথাগত ও অপ্রথাগত ঋণ দানকারীদের মধ্যে যোগসূত্র স্থাপনের বিষয়টিও খতিয়ে দেখেছে, যার দ্বারা একজন অর্থ ঋণ দানকারী যিনি একজন 'অনুমোদিত ঋণ দানকারী' তিনি প্রথাগত ক্ষেত্রে অতিরিক্ত ঋণ দানকারী হিসাবে কাজ করতে পারবেন, যদি প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা করা থাকে।

এই গ্রুপ তাদের প্রতিবেদন জমা দিয়েছে যা এখন ভারতীয় রিজার্ভ ব্যাংকের ওয়েবসাইট(www.rbi.org.in)-এ দেওয়া আছে। এই প্রতিবেদনে প্রকাশিত মতামত একান্তভাবে উপরোক্ত টেকনিকাল গ্রুপের সদস্যদের এবং এই মতামত সদস্যরা যে সংস্থার সঙ্গে যুক্ত সামগ্রিকভাবে সেই সংস্থার মতামতকে প্রতিফলিত নাও করতে পারে।

সব সংশ্লিষ্ট ব্যক্তি/সংস্থাদের অনুরোধ করা হচ্ছে তাঁরা যেন এই প্রেস বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার চার সপ্তাহের মধ্যে টেকনিকাল গ্রুপের সুপারিশ সম্বন্ধে তাঁদের মতামত আমাদের জানান। মতামত জানাবেন এইখানে : শ্রী জি শ্রীনিবাসন, চীফ জেনারেল ম্যানেজার, গ্রামীণ পরিকল্পনা ও ঋণ বিভাগ, ভারতীয় রিজার্ভ ব্যাংক, কেন্দ্রীয় কার্যালয়, শহীদ ভগত সিং মার্গ, মুম্বাই ৪০০ ০০১ অথবা ই-মেলের মাধ্যমে।

জি রঘুরাজ
উপ মহাপ্রবন্ধক

. . . . . . . . . . .. . .. .

প্রেস বিজ্ঞপ্তি নং **2007-08/114**